

তারিখ: ২৫.০৪.২০১৬

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায় বখাটেদের কর্তৃক স্কুলছাত্রীকে প্রকাশ্যে জুতাপেটা করার কারণে মামলা করলে ওসি কর্তৃক নির্যাতনের শিকার পরিবারকে হয়রানি করার ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, ওসির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তি নিশ্চিতকরণ এবং নির্যাতনের শিকার ছাত্রী, তার বাবাসহ পরিবারের সকল সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৫.০৪.২০১৬ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার মজিদপুর দয়হাটা বাসস্ট্যান্ড এলাকায় বখাটেদের কর্তৃক স্কুলছাত্রীকে প্রকাশ্যে জুতাপেটা করার কারণে মামলা করলে ওসি কর্তৃক নির্যাতনের শিকার পরিবারকে হয়রানি করার ঘটনা ঘটেছে। জানা যায়, ঘটনার শিকার ছাত্রী কাঁঠালবাড়ী এলাকার আব্দুস সালামের বখাটে ছেলে সবুজ শেখের দেয়া প্রেমের প্রস্তাব প্রত্যাখ্যান করায় তাকে বখাটে উলি-খিত এলাকায় গত ২২.০৪.১৬ তারিখ জুতাপেটা করে। এঘটনায় শ্রীনগর থানায় নির্যাতনের শিকার পরিবার একটি লিখিত অভিযোগ দিলে ওসি সাহিদুর রহমান ম্যাজিস্ট্রেট নেই বলে মামলা না নিয়ে তালবাহানা করেন এবং নির্যাতনের শিকার পরিবারকে সন্ধ্যায় পুণরায় থানায় আসতে বলেন। রাত বেশি হওয়ায় উক্ত পরিবার থানায় আসতে অপরগতা প্রকাশ করলে এসআই শংকর মা-বাবাসহ উক্ত ছাত্রীকে থানায় ধরে নিয়ে আসে। এসময় থানায় উপস্থিত থাকা সাংবাদিক ও গন্যমান্য ব্যক্তিদের সামনে ওসি নির্যাতনের শিকার ছাত্রী ও তার বাবার সাথে খারাপ ব্যবহার করেন এবং আসামিদের সাথে উক্ত ছাত্রীকেও আদালতে পাঠানোর হুমকি দেন। পরবর্তীতে আসামি জনি শেখের নাম তালিকা থেকে বাদ দেওয়ার শর্তে নির্যাতনের শিকার পরিবারকে ছেড়ে দেওয়া হয়।

বাংলাদেশ মহিলা পরিষদ মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায় বখাটেদের কর্তৃক স্কুলছাত্রীকে প্রকাশ্যে জুতাপেটা করার কারণে মামলা করলে ওসি কর্তৃক নির্যাতনের শিকার পরিবারকে হয়রানি করার ঘটনায় তীব্র নিন্দা, গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, ওসির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণসহ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তি নিশ্চিতকরণ এবং নির্যাতনের শিকার ছাত্রী, তার বাবাসহ পরিবারের সকল সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উত্ত্যক্তকরণ বন্ধে মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে আইন প্রণয়নসহ এধরনের ঘটনার পুণরাবৃত্তিরোধে আশু কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ প্রশাসনের নিকট আবেদন জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ